# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 04 June, 2025

পবিত্র ঈদুল আজহার দিন, অর্থাৎ আগামী শনিবার (৭ জুন) মেট্রোরেল চলাচল বন্ধ থাকবে।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) গতকাল মঙ্গলবার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়।

ডিএমটিসিএলের পরিচালক (প্রশাসক) এ কে এম খায়রুল আলমের সই করা বিজ্ঞপ্তিতে বলা হয়, পবিত্র ঈদুল আজহার দিন (৭ জুন) মেট্রোরেল চলাচল বন্ধ থাকবে।ঈদের পরদিন, অর্থাৎ আগামী রোববার (৮ জুন) সকাল ৮টা থেকে ৩০ মিনিট হেডওয়ে অনুযায়ী মেট্রোরেল চলাচল করবে।

এ ছাড়া আগামী সোমবার (৯ জুন) থেকে সরকারি ছুটির দিনের সময়সূচি অনুযায়ী মেট্রোরেল যথারীতি চলাচল করবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

ঈদুল আজহা মেট্রোরেল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:34

URL: https://www.timestodaybd.com/bangladesh/3328533301